অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো কর ন্যায্যতা প্রতিষ্ঠা লড়াইয়ের প্রচারণায় স্টেটগুলোর অংশগ্রহণ ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক, কানেক্টিকাট, হাওয়াই, ইলিনয়েস, নিউ জার্সি, ওরেগন, রোড আইল্যান্ড ও ওয়াশিংটন লবন এবং স্থানীয় কর (State and Local Taxes) রেয়াত সম্পূর্ণ পুনর্বহাল এবং মূলত ডেমোক্রেটিক স্টেটগুলোর উপর বৈষম্যপূর্ণ অর্থনৈতিক আক্রমণ থামানোর জন্য কংগ্রেসের প্রতি আহ্বান জানিয়েছে

লড়াই চালিয়ে যেতে গভর্নরগণ কংগ্রেসের সাথে একযোগে কাজ করবেন

যে 12 টি স্টেট সবচেয়ে ক্ষতিগ্রস্থ, দেশের জিডিপিতে তাদের অবদান 40 শতাংশ

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে কানেক্টিকাট, হাওয়াই, ইলিনয়েস, নিউ জার্সি, ওরেগন, রোড আইল্যান্ড ও ওয়াশিংটন কর ন্যায্যতা প্রতিষ্ঠার লড়াইয়ে দেশব্যাপী প্রচারণায় নিউ ইয়র্কের সাথে যোগ দিয়েছে। পূর্ণ স্টেট এবং স্থানীয় কর রেয়াত, যা কিনা নিউ ইয়র্ক এবং অন্যান্য মূলত ডেমোক্রেটিক স্টেটগুলোকে বৈষম্যপূর্ণভাবে প্রভাবিত করেছে, তার অবসান ঘটানোর মারাত্মক প্রভাব নিয়ে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো প্রেসিডেন্ট ট্রাম্পের সাথে বৈঠকের পর দেশব্যাপী একটি প্রচারণা শুরু করেছেন। ডিসেম্বর ও জানুয়ারিতে ব্যক্তিগত আয়কর বাবদ আয়কৃত নিউ ইয়র্ক স্টেটের রাজস্ব 2.3 বিলিয়ন ডলার হ্রাস পেয়েছে। সমজাতীয় স্টেটগুলোতে একই সময়ে রাজস্ব কমার সাথে নিউ ইয়র্কের রাজস্ব হ্রাসের ঘটনার মিল রয়েছে।

এই অর্থনৈতিক আক্রমণের বিরুদ্ধে লড়াই করতে, ক্ষতিগ্রস্ত অন্যান্য স্টেটের গভর্নরগণ তাদের নিজ নিজ কংগ্রেস প্রতিনিধি, এবং স্পিকার পেলোসির সাথে অতিসত্বর SALT রেয়াত সম্পূর্ণ পুনর্বহাল ও লক্ষ-লক্ষ কঠোর পরিশ্রমী আমেরিকান করদাতাদের জন্য ন্যায্যতা পুন:প্রতিষ্ঠায় কাজ করছেন।

"প্রেসিডেন্ট কর্পোরেশনগুলো ও ধনীদের অন্যায্য কর রেয়াত সুবিধা দিয়েছেন এবং তিনি SALT বাতিলের মাধ্যমে মূলত ডেমোক্রেটিক স্টেটগুলোতে কর বাড়িয়ে এই ঘাটতি পূরণ করেছেন", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক এক বছরের বেশি সময় ধরে এই অর্থনৈতিক আক্রমণ মোকাবেলা করছে এবং SALT রেয়াত হারানোর ফলে ক্ষতিগ্রস্ত এই সহযোগী স্টেটগুলোর সাথে আমরা কংগ্রেস এই শাস্তিমূলক নীতি চিরতরে বাতিল না করা পর্যন্ত আমরা ক্ষান্ত দিবো না।"

"বিপর্যয়কর এই ফেডারেল কর আইনটি মানুষ যা ভেবেছিলো তাতে পরিণত হয়েছে: ধনীদের জন্য দৈবধন এবং লক্ষ-লক্ষ শ্রমিক ও মধ্যবিত্ত পরিবারের জন্য কর-বৃদ্ধি", **নিউ জার্সি'র গভর্নর মার্ফি বলেন,** "নিউ জার্সি-তে, আমরা আমাদের অধিবাসীদের দীর্ঘ-মেয়াদী কর ছাড় দিতে অক্লান্তভাবে কাজ করে যাচ্ছি এবং কর ন্যায্যতা পুনর্বহালে আমরা আদালতে আইনটিকে চ্যালেঞ্জ করেছি। SALT রেয়াত সম্পূর্ণ পুনর্বহালে এবং নীল স্টেটগুলোতে প্রেসিডেন্ট ট্রাম্পের রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত আক্রমণ থামাতে আমি গভর্নর কুওমো ও

আমাদের সহযোগী বাকী স্টেটগুলোর জোট, এবং নিউ জার্সি'র কংগ্রেসনাল প্রতিনিধিদের সাথে কাজ করতে চাই।"

কানেক্টিকাট-এর গভর্নর নেড ল্যামন্ট বলেন, "বিলটিকে কর-কর্তন হিসেবে দেখানো হয়েছিলো, কিন্তু বাস্তবে এটি লক্ষ-লক্ষ মধ্যবিত্ত আমেরিকানের জন্য কর বৃদ্ধি। স্টেট ও স্থানীয় কর রেয়াতের উপর সীমা নির্ধারণ বিশেষ করে কানেক্টিকাটের মতো স্টেটগুলোকে ইচ্ছাকৃতভাবে তীব্রভাবে আঘাত করা হয়েছে। যার কারণে আমরা এই বিধানটি বিলোপে কংগ্রেসের আইনপ্রণেতাদের সাথে কাজ করতে অন্য স্টেটগুলোর সাথে যোগ দিয়েছি।"

ইলিনয়েস-এর গভর্নর জে.বি. প্রিৎকার বলেন,"বিশ লক্ষ ইলিনয়বাসী, যা কি-না ইলিনয়ের করদাতাদের প্রায় এক-তৃতীয়াংশ, তারা SALT রেয়াত সুবিধা নেয়। SALT রেয়াত সুবিধা নেয়া 85 শতাংশ ব্যক্তির বাৎসরিক আয় 200,000 ডলারেরও কম। SALT কর রেয়াতের উপর সীমা আরোপ ইলিনয়েস-এর মতো স্টেটগুলোকে সরাসরি ক্ষতিগ্রস্ত করে এবং এই আইনটির ফলে ট্রিলিয়ন ডলার ঘাটতি তৈরি হচ্ছে, বিলিয়ন-বিলিয়ন ডলার কর্পোরেশনগুলোকে দেওয়া হচ্ছে, এবং আমাদের স্টেটগুলোর মধ্যবিত্ত পরিবারসমূহের উপর বোঝা ছাপিয়ে দেওয়া হয়েছে; কংগ্রেসের জন্য আইনটি বাতিলের এখনই সময়।"

ওয়াশিংটন-এর গভর্নর জে ইন্সলি বলেন, "আমাদের কিছু আমেরিকানের জন্য একরকম আইন বাকীদের জন্য অন্যরকম আইন থাকা উচিত নয়। নির্বাচনে কোন স্টেট 'ব্লু' ও কোন স্টেট 'লাল' তার উপর ভিত্তি করে আমাদের কর আইন লিখিত হতে পারে না। কংগ্রেসের উচিত SALT রেয়াত সম্পূর্ণরূপে পুনর্বহাল করা যাতে এই আইন দ্বারা বৈষম্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত ওয়াশিংটনের হাজার-হাজার পরিবারের প্রতি অর্থনৈতিক ন্যায্যতা প্রদান করা যায়।"

সরকারি অর্থ কর্মকর্তা এসোসিয়েশন (Government Finance Officers Association)-এর মতে, গড়ে স্টেট ও স্থানীয় কর রেয়াত প্রদানকারী শীর্ষ 12টি স্টেট – যেগুলোর বেশিরভাগ ডেমোক্রেটিক – এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক, নিউ জার্সি, কানেক্টিকাট, রোড আইল্যান্ড, ওরেগন, ও ইলিনয়েস। এই 12টি স্টেটের মোট অর্থনীতির আকার দেশের মোট জিডিপির 40 শতাংশ। জোটে ক্ষতিগ্রস্ত অন্যান্য স্টেটের মধ্যে রয়েছে হাওয়াই ও ওয়াশিংটন, যা এগুলোর সাথে যুক্ত হবে।

কংগ্রেসে রিপাবলিকান দলীয় সদস্যরা মূল আইনের ভুলত্রুটি সংশোধনে কর কর্তন ও কর্মসংস্থান আইন (Tax Cuts and Jobs Act) পুনরায় উত্থাপন করলেও, তারা বিলটির প্রধান ইস্যু – SALT রেয়াতের উপর স্বেচ্ছাচারি কায়দায় 10,000 ডলারের সীমা আরোপ – সংশোধনে ব্যর্থ হয়েছে।

আইওয়া'র সিনেটর চাক গ্র্যাসলে, সিনেট অর্থ কমিটির চেয়ারম্যান সম্প্রতি ঘোষণা করেছেন যে SALT রেয়াত পর্যালোচনা করার কোনো পরিকল্পনা তাদের নেই, কারণ এটি "স্টেটগুলোর জন্য ফেডারেল ভর্তুকি যাতে তারা রাজনৈতিক বলির শিকার না হয়ে তাদের অধিবাসীদের উপর বাড়তি করারোপ করতে পারে"। SALT রেয়াত আসলে "ফেডারেল ভর্তুকি" নয়, বরং এটি স্টেটের সার্বভৌমত্বের মৌলিক স্বীকৃতি। বস্তুত, ফেডারেল সরকার সিনেটর গ্র্যাসলে'র নিজ স্টেট আইওয়ার জন্য 3.5 বিলিয়ন ডলার ভর্তুকি দিয়েছে – যেখানে নিউ ইয়র্ক ফেডারেল সরকার থেকে যা পায় তার চেয়ে 36 বিলিয়ন ডলার বেশি দিয়েছে, এমনকি SALT রেয়াত পুরোপুরি বাতিলের পূর্বেই। কেবল দশটি স্টেট ফেডারেল সরকার থেকে যা পায় তার চেয়ে বেশি সরকারকে দেয়।

রাজস্ব সেক্রেটারি'র প্রাক্তন পরামর্শক স্টিভেন র‍্যাটনার-এর এক বিশ্লেষণ-এ দেখা যায় যে, কর আইন বৈষম্যপূর্ণভাবে ডেমোক্রেটিক স্টেটগুলোকে ক্ষতিগ্রস্ত করে, এর মধ্যে বাড়ির মূল্যে নেতিবাচক প্রভাবও রয়েছে। এছাড়া, কর আইনটির প্রভাব কর ফেরতের উপরও পড়েছে যার উপর বহু আমেরিকান নির্ভরশীল। আইআরএস (IRS)-এর হিসেব অনুযায়ী কর রিটার্ন জমা দেওয়ার দ্বিতীয় সপ্তাহ নাগাদ গড় কর ফেরত দেওয়ার হার ছিলো 1,949 ডলার যা বিগত বছরের তুলনায় 8.7 শতাংশ কম, এবং মোট কর ফেরতের পরিমাণ 16 শতাংশ হ্রাস পেয়েছে।

গভর্নর কুওমো'র নেতৃত্বে, নিউ ইয়র্ক হচ্ছে প্রথম স্টেট যেটি কি-না তার অধিবাসীদেরকে ফেডারেল সরকারের স্টেট ও স্থানীয় কর রেয়াত সম্পূর্ণ বাতিলের বিরুদ্ধে সুরক্ষা দিতে ব্যবস্থা নিয়েছে। 2018 সালের এপ্রিলে গভর্নর দাতব্য অনুদানের জন্য নতুন বিকল্প প্রদানে এবং একটি নতুন কর্মী ক্ষতিপূরণ ব্যয় কর্মসূচি (Employer Compensation Expense Program) তৈরির জন্য, যা কি-না নিয়োগদাতাকে কর্মীদের আয়ের রেয়াত সংরক্ষণে সহায়তা করবে, এরূপ একটি আইনে স্বাক্ষর করেছে।

গভর্নর কুওমো এবং নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল নিউ ইয়র্ক এবং এর করদাতাদের ওয়াশিংটন-কর্তৃক ব্যাপক হারে স্টেট ও স্থানীয় কর রেয়াত থেকে করদাতাদের সুরক্ষা দিতে একটি মামলা দায়ের করেছেন। মামলাটি যুক্তি দেওয়া হয়েছে যে নতুন SALT সীমা নিউ ইয়র্ক ও সমজাতীয় অন্যান্য স্টেটকে টার্গেট করে করা হয়েছে, এবং এটি নিজেদের আর্থিক সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে স্টেটের অধিকার খর্ব করে যা এসব স্টেটের করদাতাদের বৈষম্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত করবে।

2018 সালের ফেব্রুয়ারিতে, গভর্নর কুওমো ফেডারেল ট্যাক্স আইনটির প্রত্যাশিত প্রভাবগুলির বিরুদ্ধে লড়াই করার জন্য ট্যাক্স ফেয়ারনেস ফর নিউইয়র্ক ক্যাম্পেইন (Tax Fairness for New York Campaign)-এর সূচনা করেন| এই প্রচারাভিযানের অংশ হিসেবে, গভর্নর নিউ ইয়র্কের অধিবাসীদেরকে ট্যাক্স আইনটির বিরুদ্ধে স্টেটের লড়াইয়ের বিভিন্ন উদ্যোগ তুলে ধরার জন্য একটি ওয়েবসাইট চালু করেন, এই উদ্যোগগুলোর মধ্যে রয়েছে ফেডারেল সরকারের বিরুদ্ধে মামলা, আইনটি বাতিল, এবং ট্যাক্স কোডের সংস্কার।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন